

### ঢাকা বিশ্ববিদ্যালয়

#### ৪৯ দিন বন্ধ থাকিবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

আজ (সোমবার) হইতে পবিত্র ইদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাশ ৪৯ দিন বন্ধ থাকিবে। বিশ্ববিদ্যালয়ে ইহা বছরের দীর্ঘ-কালীন ছুটি। আগামী ২৬শে জুন পুনরায় ক্লাশ শুরু হইবে। তবে এই বন্ধের মধ্যে পরীক্ষাসমূহ যথারীতি অনুষ্ঠিত হইবে। ছুটি কাটাইবার জন্য অধিকাংশ ছাত্র-ছাত্রী গতকাল হল ছাড়িয়া গ্রামের বাড়ীর উদ্দেশ্যে রওনা হইয়া গিয়াছে। কলে আবাসিক (শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

#### ৪৯ দিন বন্ধ থাকিবে

(১ম পৃ: পর)

হলগুলি প্রায় ছাত্র-ছাত্রী শূন্য হইয়া পড়িয়াছে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক বিজ্ঞপ্তিতে মাস্টার্স পরীক্ষা সম্পন্নকারী ছাত্র-ছাত্রীদের ছুটি চলাকালীন সময়ে হল ত্যাগ করার নির্দেশ জারি করিয়াছে। এই নির্দেশকে অমানবিক বলিয়া প্রতিবাদ করিয়া গতকাল ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এমপি ও জিএস খায়রুল কবির খোকন একযুক্ত বিবৃতি প্রদান করিয়াছেন